# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

## Bengali Text Bulletin

**Date 13-09-2025** **Time: 7.50 P.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) স্কুল সার্ভিস কমিশনের একাদশ-দ্বাদশ শ্রেণীর সহকারি শিক্ষক নিয়োগের পরীক্ষা আগামীকাল।

২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আগামী সোমবারের কলকাতা সফরকে ঘিরে যান চলাচল নিয়ন্ত্রণে বেশ কিছু বিধি নিষেধ জারি।

৩) মালদায়, আর জি কর মেডিকেল কলেজের এক জুনিয়র চিকিৎসকের রহস্য মৃত্যু ঘিরে চাঞ্চল্য।

৪) দক্ষিণেশ্বর মেট্রো স্টেশনে স্কুল পড়ুয়া খুনের ঘটনায় ধৃত মূল অভিযুক্ত রানা সিং-এর পাঁচ দিনের পুলিশ হেফাজত।

৫) উৎসবের মরশুমে দুর্ঘটনা রোধে রাজ্য সরকার বিভিন্ন ভবন ও আবাসনের ছাদের বাণিজ্যিক ব্যবহার রুখতে নতুন নির্দেশিকা জারি করেছে।

------------------------------------------------------------------------

স্কুল সার্ভিস কমিশনের একাদশ-দ্বাদশ শ্রেণীর সহকারী শিক্ষক নিয়োগের পরীক্ষা আগামীকাল। এই পর্বে শূন্য পদের সংখ্যা ১২ হাজার ৫১৪। পরীক্ষার্থীর সংখ্যা ২ লক্ষ ৪৫ হাজার ৫০০। রাজ্যজুড়ে মোট ৪৭৮ টি কেন্দ্রে পরীক্ষা নেওয়া হবে। উল্লেখ্য ২০১৬-র এসএসসি প্যানেল বাতিলের পর নতুন করে পরীক্ষা নেওয়ার নির্দেশ দিয়েছিল সুপ্রিম কোর্ট। গত ৭ই সেপ্টেম্বর নবম-দশম শ্রেণীর সহকারী শিক্ষক নিয়োগের পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন হয়। চাকরি হারানো যোগ্য শিক্ষকরাও এই পরীক্ষায় বসছেন।

একটি প্রতিবেদন

----------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির কলকাতায় ইস্টার্ন কমান্ডের সদর কার্যালয় ফোর্ট উইলিয়ামে সোমবার প্রস্তাবিত অনুষ্ঠানের জন্য কলকাতা পুলিশ আগামীকাল থেকে দুই দিন শহরজুড়ে ট্রাফিক বিধিনিষেধ জারি করেছে। পুলিশ কমিশনার মনোজ ভার্মার তরফে এক বিজ্ঞপ্তিতে আগামীকাল দুপুর সাড়ে তিনটা থেকে রাত আটটা এবং সোমবার সকাল সাড়ে সাতটা থেকে বিকেল চারটে পর্যন্ত শহরের গুরুত্বপূর্ণ রাস্তায় পণ্যবাহী যান চলাচল বন্ধ থাকবে বলে জানানো হয়েছে। ট্রাম চলাচলের উপরেও নিয়ন্ত্রণ করা হবে। এছাড়া আগামীকাল সকাল ছটা থেকে সোমবার রাত দশটা পর্যন্ত রাজভবন সংলগ্ন রাস্তাগুলিতে পণ্যবাহী যানবাহন চলাচলের উপরে নিষেধাজ্ঞা থাকছে।

-----------------------

মালদা শহরের একটি হোটেলে কলকাতার আর জি কর মেডিক্যাল কলেজের এক আদিবাসী জুনিয়র চিকিৎসকের রহস্য মৃত্যু ঘিরে চাঞ্চল্য ছড়িয়েছে। জানা গেছে অনিন্দিতা সোরেন নামে ওই জুনিয়র চিকিৎসক দক্ষিণ দিনাজপুর এর বালুরঘাটের বাসিন্দা ছিলেন। গত সোমবার মালদা মেডিক্যাল কলেজের পড়ুয়া, প্রেমিক উজ্জ্বল সোরেন এর সঙ্গে দেখা করতে তিনি মালদা আসেন। দুজনে মালদা শহরের একটি হোটেলে উঠে। সেখানেই অসুস্থ হয়ে পড়ে আর জি করের ওই ডাক্তারি পড়ুয়া। পরে কলকাতা নিয়ে যাওয়ার পথে মৃত্যু হয় ওই ছাত্রীর। পরিবারের অভিযোগ ডাক্তারি পড়ুয়া ছাত্রীটি অন্তঃসত্ত্বা ছিলেন। ওষুধ জাতীয় কিছু খাইয়ে দেওয়া হয়েছিল তাকে। ইংরেজ বাজার থানায় লিখিত অভিযোগ দায়ের হয়েছে। ঘটনার পর থেকেই প্রেমিক উজ্জ্বল সোরেন এর সন্ধান মিলছে না। মৃতদেহ ময়নাতদন্তে পাঠিয়ে ঘটনা তদন্ত শুরু করেছে ইংরেজবাজার থানার পুলিশ।

-----------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির জন্মদিন উপলক্ষে সেবা পক্ষকাল পালনের অঙ্গ হিসেবে বিজেপি 'নমো ম্যারাথনে'র আয়োজন করেছে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য সাধারণ সম্পাদক লকেট চট্টোপাধ্যায় একথা জানিয়ে বলেন, ১৭ই

সেপ্টেম্বর থেকে দোসরা অক্টোবর পর্যন্ত সেবা পক্ষকাল পালন করা হবে। এবছর নবতম সংযোজন হলো নম ম্যারাথন। এই নমো ম্যারাথনের উদ্দেশ্য হল নেশা মুক্ত ভারত গড়ে তোলা। কলকাতা ও শিলিগুড়িতে এই ম্যারাথনের আয়োজন করা হয়েছে। ২১ তারিখ মহালয়ার সকালে স্বামী বিবেকানন্দের বাড়ি থেকে শ্যামবাজারে নেতাজি মূর্তির পাদদেশ পর্যন্ত এই ম্যারাথন হবে। রাজনীতির উর্দ্ধে উঠে সব মানুষকে এতে শামিল করা হবে।

বাইট

----------------------

রাজ্যের কোন সিনেমা হলে পরিচালক বিবেক অগ্নিহোত্রীর বেঙ্গল ফাইলস ছবিটি মুক্তি না পাওয়াকে কেন্দ্র করে বিতর্কের মধ্যে আজ কলকাতায় এর বিশেষ প্রদর্শনীর আয়োজন করা হয়। 'খোলা হাওয়া' নামের একটি সংগঠনের উদ্যোগে জাতীয় গ্রন্থাগারের শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায় ভাষা ভবনের প্রেক্ষাগৃহে এই প্রদর্শনীতে উপস্থিত ছিলেন ছবির পরিচালক বিবেক অগ্নিহোত্রী ও অভিনেত্রী পল্লবী যোশী। বিজেপির রাজ্য নেতাদের কয়েকজন শো-তে হাজির ছিলেন। ট্রেলার লঞ্চের সময় পুলিশি বাধার অভিজ্ঞতা থাকলেও এদিনের অনুষ্ঠানে কোনওরকম সমস্যা হয়নি। শান্তিপূর্ণভাবেই শেষ হয় এই বিশেষ প্রদর্শনী।

উল্লেখ্য দেশের অধিকাংশ রাজ্যে মুক্তি পেলেও রাজ্যের কোনও প্রেক্ষাগৃহে মুক্তি পায়নি দ্য বেঙ্গল ফাইলস। সরকারি স্তরে কোনও নিষেধাজ্ঞা না থাকলেও রাজ্যের হল বা মাল্টিপ্লেক্স কর্তৃপক্ষ এই ছবি প্রদর্শনে রাজি না হওয়ায় মুক্তির দিন রাজ্যে একটিও শো হয়নি।

----------------------

কলকাতা হাইকোর্টের নির্দেশে মিছিল করার অনুমতি পাওয়ার পর আজ বিকেলে রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর উপস্থিতিতে বিজেপি, পশ্চিম মেদিনীপুরের ডেবরা অঞ্চলে একটি মিছিল করে। পরে ডেবরা থানায় ধর্ণা ও বিক্ষোভ প্রদর্শন করা হয়।

উল্লেখ্য, গত ১৮ ই আগস্ট ডেবরায় এক আদিবাসী যুবকের মৃত্যু হয়। এই ঘটনাকে কেন্দ্র করে বিজেপি-র কিছু কর্মীকে মিথ্যা মামলায় ফাঁসানোর অভিযোগ উঠেছে। এরই বিরুদ্ধে প্রতিবাদ জানাতে আজ বিক্ষোভ কর্মসূচীর আয়োজন করা হয়েছিল।

----------------------

বীরভূমের নলহাটির  বাহাদুরপুরে পাথর খাদানে ধ্বসে চাপা পড়ে ছ জনের মৃত্যুর ঘটনায় NIA তদন্তের দাবী জানিয়েছে কংগ্রেস। দলের প্রদেশ রাজ্য সাধারণ সম্পাদক

মিল্টন রশিদ আজ বলেন, প্রয়োজনে এর জন্য হাইকোর্টেও যাবে দল। পাথর খাদান গুলিতে কাজকর্মের ব্যাপারে রাজ্য সরকারের গাফিলতির অভিযোগ করেন মিল্টন রশিদ।

-----------------------

জি এস টি কাউন্সিলের ৫৬ তম বৈঠকের পর পণ্য পরিষেবা কর ব্যবস্থায় পরিবর্তন করা হয়েছে। এই পরিবর্তন চলতি মাসের ২২ তারিখ থেকে কার্যকর হতে চলেছে।

একটি প্রতিবেদন

-----------------------

দক্ষিণেশ্বর মেট্রো স্টেশনে স্কুল পড়ুয়ার খুনের ঘটনায় ধৃত মূল অভিযুক্ত রানা সিংকে আদালত ৫ দিনের পুলিশ হেফাজতের নির্দেশ দিয়েছে। আজ তাকে ব্যারাকপুর আদালতে তোলা হলে এই নির্দেশ দেওয়া হয়।

উল্লেখ্য, দক্ষিণেশ্বর মেট্রো স্টেশনে দুই পড়ুয়ার মধ্যে বচসার জেরে মনোজিৎ যাদব নামে একজন তার সহপাঠীর ছুরির আঘাতে গুরুতর জখম হয়। তাকে হাসপাতালে নিয়ে গেলে মৃত ঘোষণা করা হয়। পুলিশ জানিয়েছে এই ঘটনার তদন্তে

আজ দক্ষিণেশ্বর স্টেশনে আজ ফরেন্সিক টিম পরীক্ষা চালায়। অভিযুক্তের কিশোরী বন্ধাবীকে উত্ত্যক্ত করার জেরেই এই ঘটনা ঘটেছে বলে পুলিশের অনুমান।

-----------------------

উৎসবের মরশুমে দুর্ঘটনা রোধে রাজ্য সরকার বিভিন্ন ভবন ও আবাসনের ছাদের অনিয়ন্ত্রিত বাণিজ্যিক ব্যবহার রুখতে নতুন নির্দেশিকা জারি করেছে। কলকাতা পুরসভা বাদে রাজ্যের সমস্ত পুরসভার জন্যই এই নিয়ম কার্যকর হবে। রাজ্যের পুর ও নগরোন্নয়ন দফতরের তরফে জারি করা ওই নির্দেশিকায় বলা হয়েছে, আবাসিক বা অনাবাসিক—যে কোনও ভবনের ছাদে নতুন কাঠামো গড়ে তোলা যাবে না। আবাসিক ভবনের ছাদে চলা ব্যবসাও অবিলম্বে বন্ধ করতে হবে। আগের দেওয়া সমস্ত লাইসেন্স বাতিল বলে ঘোষণা করা হয়েছে। ছাদে অস্থায়ী বা স্থায়ী ছাউনি দেওয়া, দাহ্য আসবাব রাখা, খোলা আগুনে রান্না নিষিদ্ধ করা হয়েছে। প্রতি ১০০ বর্গমিটারে দু'টি ফায়ার এক্সটিঙ্গুইশার রাখা এবং কোনও নিরপেক্ষ সংস্থাকে দিয়ে ফায়ার সেফটি অডিট করানো বাধ্যতামূলক।

-----------------------

বাঙালিদের মধ্যে বাণিজ্য করার উদ্যম ফিরিয়ে আনতে হবে বলে প্রধানমন্ত্রীর অর্থনৈতিক উপদেষ্টা পরিষদের সদস্য সঞ্জীব সান্যাল জানিয়েছেন। কলকাতায় আজ

'উৎকর্ষ উদ্যমিতা সমাগম- ২০২৫ স্বাবলম্বী ভারত অভিযান' শীর্ষক আলোচনা সভায় তিনি বলেন, বাঙালি বাণিজ্য করতে পারেনা বলে দাবি করা হয়। তবে বাঙালির ইতিহাস বাণিজ্য ও উদ্যোগের সঙ্গে জড়িত। স্বদেশী আন্দোলনের সময় থেকে রাজ্যে সুলেখা ও বেঙ্গল কেমিক্যালসের মত কারখানার সূচনা হয়েছিল। সেই উদ্যমকে ফিরিয়ে আনতে নতুন করে স্বদেশী আন্দোলন গড়ে তুলতে হবে।

----------------------

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ বিপ্লবী যতীন দাসের ৯৭ তম আত্মবলিদান দিবস পালিত হচ্ছে। লাহোর ষড়যন্ত্র মামলায় গ্রেফতার হওয়া যতীন দাস লাহোর জেলে দীর্ঘ ৬৩ দিন অনশনের পর , ২৪ বছর বয়সে মৃত্যুবরণ করেন । তাঁর প্রয়াণবার্ষিকী উপলক্ষ্যে আজ কেওড়াতলা মহাশ্মশানে যতীন দাসের স্মৃতিসৌধ ও হাজরা পার্কে তাঁর মূর্তিতে মালা দিয়ে শ্রদ্ধা জানান পুরমন্ত্রী ফিরহাদ হাকিম ও পরিষদীয় মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায়।

সচিবালয় নবান্নেও বিপ্লবীর মূর্তিতে পুষ্পার্ঘ্য নিবেদন করা হয়, এক সোশ্যাল মিডিয়া পোস্টে তাঁর প্রতি শ্রদ্ধা জানান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, যতীন দাসের প্রয়াণ বার্ষিকীতে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন। এক

সোশ্যাল মিডিয়া পোস্টে শ্রী শাহ বলেছেন, দেশের স্বাধীনতার জন্য তাঁর আত্মবলিদান যুবসমাজকে অনুপ্রেরণা যোগাবে।

----------------------

পশ্চিম মধ্য বঙ্গোপসাগরে সৃষ্ট নিম্নচাপের কোন প্রভাব এ রাজ্যে না পড়লেও সক্রিয় মৌসুমী অক্ষরেখা এবং ঘূর্ণাবর্তর প্রভাবে হিমালয় সংলগ্ন জেলাগুলিতে আজ ও আগামী কয়েক দিন ভারি থেকে অতি ভারী বৃষ্টির সম্ভাবনা। আবহবিজ্ঞানী অন্বেষা ভট্টাচার্য আকাশবাণীকে জানিয়েছেন, দক্ষিণবঙ্গে আগামী দু-তিন দিন স্বাভাবিক বর্ষার বৃষ্টি বিক্ষিপ্তভাবে প্রায় সব জায়গাতেই হবে।

বাইট অন্বেষা ভট্টাচার্য।

----------------------

নৈহাটি স্টেডিয়ামে আজ কলকাতা প্রিমিয়ার ডিভিশন ফুটবল লিগের অবনমন রাউন্ডের ম্যাচে মহামেডান স্পোর্টিং ৬-১ গোলে রেলওয়ে এফ সি, কে হারিয়ে দিয়েছে। মহামেডান স্পোর্টিং এর পক্ষে অ্যাডিসন সিং দুটি, লালগাইসাকা, বামিয়া সামাদ, শিবা মান্ডি, লালরোথল্যাঙ্গা একটি করে গোল করেছেন।

---------------------- -------------------